

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮

তারিখঃ ০২ বৈশাখ ১৪২৭
১৫ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনাভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন
ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বিশেষ স্বাস্থ্য বীমা এবং বিশেষ অনুদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে ২২ মার্চ ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস COVID-19 এর প্রাদুর্ভাবের কারণে কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে ব্যাংকগুলোকে ১৬ দফা নির্দেশনা প্রদানপূর্বক সেগুলো যথাযথভাবে অনুসরণের পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তীতে উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে ০৮ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এর মাধ্যমে ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর যাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

০৩। এতদসত্ত্বেও, ব্যাংকিং দায়িত্ব পালন করতে গিয়ে কিছুসংখ্যক কর্মকর্তা ও কর্মচারী ইতোমধ্যে করোনা ভাইরাস COVID-19 দ্বারা আক্রান্ত হয়েছেন। এ প্রেক্ষিতে, সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকিং খাতকে সচল রাখতে যারা তাদের জীবন ও পরিবারকে ঝুঁকিতে রেখে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করেছেন বা করছেন তাদের দায়িত্ব পালনের স্বীকৃতি স্বরূপ বিশেষ স্বাস্থ্য বীমা সুবিধা এবং বিশেষ অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে, নিম্নরূপ নীতিমালা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো :-

- সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন যে সকল ব্যাংক কর্মকর্তা/কর্মচারী ব্যাংকে গমনপূর্বক স্বশরীরে ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দায়িত্ব পালন করেছেন বা করছেন তারা COVID-19 দ্বারা আক্রান্ত হলে পদমর্যাদা ভেদে সর্বনিম্ন ৫ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ১০ লক্ষ টাকা স্বাস্থ্য বীমা হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদেয় হবে যা ব্যাংক কর্তৃপক্ষ নিজেসই পদভিত্তিক প্রাপ্যতা নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- ন্যূনতম যৌক্তিক সময়ের মধ্যে (আক্রান্ত হওয়ার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে) উক্ত অর্থ প্রদান করতে হবে এবং তার সার্বিক চিকিৎসার প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বহন করতে হবে;
- সাধারণ ছুটির সময় দায়িত্ব পালনের কারণে COVID-19 দ্বারা আক্রান্ত হওয়ার ফলে দুর্ভাগ্যজনকভাবে কোন ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্ক্ষিত মৃত্যু ঘটলে বিশেষ স্বাস্থ্য বীমার জন্য নির্ধারিত অংকের ৫(পাঁচ) গুন বিশেষ অনুদান হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক তাঁর পরিবারকে প্রদেয় হবে। এক্ষেত্রে, ব্যাংকে তার অন্য কোন দায়-দেনার সাথে এ বিশেষ অনুদান সমন্বয় করা যাবে না। উল্লেখ্য, ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় প্রদেয় অন্যান্য ভাতাদি ও সুযোগ-সুবিধা যথানিয়মে প্রদেয় হবে;
- এতদ্ব্যতীত, সাধারণ ছুটিকালীন কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে গমনাগমনকালে কিংবা দায়িত্বপালনকালে অন্য যে কোন দুর্ঘটনার শিকার হলে তার চিকিৎসার প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যাংক বহন করবে;

০৪। এ নির্দেশনা সরকার ঘোষিত সাধারণ ছুটির তারিখ হতে কার্যকর হবে এবং সাধারণ ছুটি সমাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত COVID-19 দ্বারা আক্রান্তদের ক্ষেত্রেও এই বিশেষ স্বাস্থ্য বীমা কার্যকর থাকবে। তবে, উক্ত মেয়াদকালে COVID-19 দ্বারা আক্রান্ত হয়ে কোন কর্মকর্তা/ কর্মচারীর অনাকাঙ্ক্ষিত মৃত্যু ঘটলে তার পরিবার অনুচ্ছেদ ৩(গ) অনুযায়ী বিশেষ অনুদান প্রাপ্য হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নুরুল আলম)
উপমহাব্যবস্থাপক)

ফোনঃ ৯৫৩০৩৫৯